**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**17 MAY 2024** **7:45—7:55 PM IST**

==============================================================

১) দেশে লোকসভা নির্বাচনের পঞ্চম পর্যায়ের প্রচার অব্যাহত ।

২) সপ্তম পর্যায়ের নির্বাচনের জন্য মনোনয়ন প্রত্যাহারের আজ শেষ দিন ।

৩) প্রাক্তন শিক্ষামন্ত্রী থানেশ্বর বড়োর রাজ্য মর্যাদায় শেষকৃত্য সম্পন্ন । মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মার শোক প্রকাশ ।

৪) ১৯ শে মের প্রাক্কালে আজ বরাক উপত্যকার বিভিন্ন দল সংগঠনের অংশগ্রহণে উনিশের মহাপথচলা সহ বিভিন্ন কার্যসূচীর আয়োজন ।

---

লোকসভা নির্বাচনের পঞ্চম পর্যায়ের প্রচার অভিযানের আর মাত্র একদিন বাকী থাকায় বিভিন্ন রাজনৈতিক দলগুলি ব্যাপক প্রচার অব্যাহত রেখেছে ।পঞ্চম পর্যায়ে আগামী ২০ শেমে ৪৯ টি আসনের জন্য ভোটগ্রহণ করা হবে ।ষষ্ঠ পর্যায়ে আগামী ২৫ শে মে এবং সপ্তম পর্যায়ে আগামী পয়লা জুন ৫৭ টি আসনের জন্য ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে ।বিজেপির প্রবীণ নেতা তথা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ লাগাতার দ্বিতীয় দিন উত্তরপ্রদেশের বিভিন্ন স্থানে প্রচার চালিয়ে যাচ্ছেন ।শ্রী মোদী আজ বারাবাংকী , ফতেপুর ও হামিরপুরে তিনটি নির্বাচনী সভায় অংশগ্রহণ করেন ।কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ আজ উত্তরপ্রদেশ ও ওড়িশ্যায় নির্বাচনী প্রচার চালান ।শ্রী শাহ ঝারখন্ডের রাঁচিতে একটি রোড শোয়ে অংশগ্রহণ করেন ।উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ বলরামপুর , বারাবাংকী , লক্ষ্ণৌ ও অযোধ্যায় নির্বাচনী প্রচারে অংশগ্রহণ করেন ।আসামের মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা আজ ওড়িশ্যার বালাঙ্গীরে নির্বাচনী প্রচার চালান ।
এদিকে কংগ্রেস নেতা রাহুল গান্ধী ও প্রিয়াংকা গান্ধী ভদ্রা সমাজবাদী পার্টীর অধ্যক্ষ অখিলেশ যাদবের সঙ্গে রায়বেরেলী ও আমেথিতে নির্বাচনী সভায় অংশগ্রহণ করেন ।কংগ্রেসের জাতীয় সভাপতি মল্লিকর্জুন খার্গে আজ মুম্বাইয়ে আই এন ডি আই মিত্রজোঁটের এক জনসভায় অংশগ্রহণ করেন ।

---

সপ্তম পর্যায়ের লোকসভা নির্বাচনের জন্য আজ মনোনয়ন প্রত্যাহারের শেষ দিন ছিলো । এই পর্যায়ে সাতটি রাজ্য এবং একটি কেন্দ্রীয়শাসিত অঞ্চলের মোট ৫৭ টি আসনের জন্য পয়লা জুন ভোটগ্রহণ করা হবে । সপ্তম তথা শেষ পর্যায়ে উত্তর প্রদেশ ও পাঞ্জাবের ১৩ টি করে ,পশ্চিম বাংলার ৯ টি ,বিহারের ৮টি ,ওড়িশার ৬ টি ,হিমাচল প্রদেশের ৪টি ,ঝারখন্ডের তিনটি এবং কেন্দ্রীয়শাসিত অঞ্চল চন্ডীগড়ের একটি আসনের জন্য নির্বাচন অনুষ্ঠিত হবে । আগামী চৌঠা জুন সবকটি পর্যায়ের নির্বাচনের ভোটগণনা করা হবে ।

---

আসামের বিভিন্ন প্রান্তে আজ বিশ্ব উচ্চ রক্তচাপ দিবস পালন করা হয় ।উচ্চ রক্তচাপ প্রতিরোধ , নিয়ন্ত্রণ , তথা এই সম্পর্কে সচেতনতা গড়ে তোলার উদ্দেশ্যে এই দিবস পালন করা হয় ।তেজপুর মেডিক্যাল কলেজ ও হাসপাতালে আজ এই দিবস উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে উচ্চরক্তচাপ সম্পর্কে জনসাধারণকে সচেতন করার প্রয়াস করা হয় ।

---

হাইলাকান্দি জেলায় আজ বিভিন্ন কার্য্যসূচির মধ্য দিয়ে বিশ্ব রক্তচাপ দিবস পালন করা হয়েছে । হাইলাকান্দি জেলা স্বাস্থ্য বিভাগের উদ্যোগে আজ এস কে রায় সিভিল হাসপাতালে উচ্চরক্তচাপ থেকে রক্ষা এবং খাদ্যাভাষ ও নিয়মিত ব্যায়াম করা নিয়ে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে । সিভিল হাসপাতালের অধ্যক্ষ ডক্টর দেবব্রত দত্তের পৌরহিত্যে আয়োজিত সভায় ডক্টর এম এইচ খন্দকার, ডক্টর খারুন রশিদ প্রমূখ আলোচনায় অংশগ্রহণ করেন ।

---

আসাম তথা উত্তরপূর্বাঞ্চলের ৩২২ জন হজযাত্রীর দল গতকাল গুয়াহাটীর লোকপ্রিয় গোপীনাথ বরদলৈ আন্তর্জাতিক বিমানবন্দর থেকে একটি বিশেষ বিমানে সৌদি আরবের জেড্ডা অভিমুখে রওয়ানা হয়েছে ।এই হজযাত্রীদের দলে হাইলাকান্দির ৪৫ জন হজযাত্রী রয়েছেন ।উল্লেখ্য আসাম তথা উত্তর পূর্বাঞ্চল থেকে এবছর ৩ হাজার ৭০৮ জন হজযাত্রা করবেন ।এর মধ্যে ৬৫৮ জন আসামের ।আগামী ২৫ শে মে পর্যন্ত যাত্রীরা পর্যায়ক্রমে হজযাত্রার জন্য রওয়ানা হবেন ।

---

অসম গণ পরিষদের প্রাক্তন সভাপতি ,বিশিষ্ট রাজনীতিবিদ ,রাজ্যের শিক্ষা ও রাজস্ব বিভাগের প্রাক্তন মন্ত্রী ,রঙ্গিয়ার তিনবারের বিধায়ক থানেশ্বর বড়ো আজ সকালে চিকিৎসাধীন অবস্থায় গৌহাটী মেডিকেল কলেজ

হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন । বয়স হয়েছিলো ৮৬ । গত ১৩ মে রঙ্গিয়ার একটি বেসরকারী হাসপাতাল থেকে তাঁকে গৌহাটী মেডিকেল কলেজ হাসপাতালে স্থানান্তর করা হয়েছিলো ।
মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা থানেশ্বর বড়োর মৃত্যুতে শোক প্রকাশ করেছেন । এক শোকবার্তায় ড.শর্মা বলেন যে থানেশ্বর বড়ো রাজ্যের শিক্ষাখন্ডের উন্নয়নের জন্য শিক্ষামন্ত্রী থাকাকালীন সময়ে বিভিন্ন গুরুত্বপূর্ন প্রয়াস গ্রহণ করেছিলেন ।মূখ্যমন্ত্রি বলেন যে প্রবীন রাজনীতিবিদের মৃত্যু আসামের সমাজ জীবন তথা রাজনৈতিক ক্ষেত্রের জন্য এক অপূরনীয় ক্ষতি । মূখ্যমন্ত্রী থানেশ্বর বড়োর শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন ।
এদিকে থানেশ্বর বড়োর মৃত্যুতে কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল ,পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন মন্ত্রী রঞ্জিৎ কুমার দাস , অগপ সভাপতি তথা কৃষিমন্ত্রী অতুল বরা ,শিক্ষামন্ত্রী ডা:রণোজ পেগু সহ বেশকয়েকজন রাজনৈতিক নেতা এবং দল সংগঠনও শোকপ্রকাশ করেছেন ।

---

১৯৬১'র ভাষা আন্দোলনের ৬৩ তম বার্ষিকী উপলক্ষে বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের কাছাড় জেলা সমিতির উদ্যোগে আয়োজিত উনিশের আবাহনের প্রথম পর্বে আজ বেলা আড়াইটা থেকে বঙ্গভবন প্রাঙ্গণ সহ সামনের রাস্তায় উনিশের আল্পনা ও মুক্তাঙ্গনে সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয় । দ্বিতীয় পর্বে আগামী কাল বিকেল সাড়ে পাঁচটায় বরাক উপত্যকার বহমান ভাষা আন্দোলনের সেনানীদের সম্মাননা জ্ঞাপন করা হবে । উনিশের আবাহনের এবছরের সম্মাননা প্রাপকদের মধ্যে রয়েছেন- সন্তোষ মজুমদার (হাইলাকান্দি), চিত্রা দত্ত (শিলচর), মালতী নন্দী (বড়খলা), অধ্যাপক কমলেন্দু ভট্টাচার্য (শিলচর), নবেন্দু শেখর নাথ (কাটিগড়া) এবং দিলীপ কান্তি লস্কর (করিমগঞ্জ) । একইসঙ্গে আলোচনা সভারও আয়োজন করা হয়েছে । এতে আলোচক হিসেবে থাকছেন- নাট্যকার-চিত্র নির্মাতা- লেখক ও সংস্কৃতি কর্মী সুব্রত কাঞ্জিলাল এবং বাংলাদেশের টাঙ্গাইলের মেজর জেনারেল মাহমুদুল হাসান ডিগ্রি কলেজের বাংলা বিভাগের বিভাগীয় প্রধান ও ছায়ানীড়ের নির্বাহী পরিচালক লুৎফুর রহমান ।
এদিকে ১৯শে মে ভাষা শহিদ দিবসের সকালে শিলচর রেল স্টেশন, শ্মশান ঘাট এবং বঙ্গভবন প্রাঙ্গণে শ্রদ্ধা জ্ঞাপন করা হবে। পরে এদিন দুপুর দুটো থেকে গান্ধীবাগে শহিদ মিনার সংলগ্ন মুক্তমঞ্চে উনিশের কবিতা পাঠ, আবৃত্তি, সঙ্গীত, নৃত্য, চিত্রকলা প্রদর্শনী এবং কথামালা ব্যবস্থাপনায় থাকবে বরাক উপত্যকা বঙ্গসাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের শিলচর শহর আঞ্চলিক সমিতি । সম্মেলনের কাছাড় জেলাসমিতির পক্ষ থেকে এই অনুষ্ঠানগুলিতে সবাইকে উপস্থিত থাকতে অনুরোধ করা হয়েছে ।

---

আসাম ইলেক্ট্রিসিটি গ্রিড কর্পোরেশনের সহকারী জেনারেল ম্যানেজার এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে পয়লাপুল থেকে শ্রীবর রেলওয়ে ট্রান্সমিশন লাইনে আগামী ২০শে মে থেকে আগামী ২৭শে মে পর্য্যন্ত চার্জ করা হবে । এর পরিপ্রেক্ষিতে ১৩২ কে ভি লাইন যাওয়া লাবক ,পয়লাপুল, কুঞ্জ বস্তী, লালংকিতা , লাবকপাড় প্রথম খন্ড এলাকার জনসাধারনকে বৈদ্যুতিক টাওয়ারে ওঠা বা বিদ্যুৎ সঞ্চালন লাইনের কাছাকাছি না যাওয়ার অনুরোধ করা হয়েছে । কোন ব্যাক্তির অসতর্কতার কারনে যেকোন অপ্রীতিকর ঘটনার জন্য আসাম ইলেকট্রিসি গ্রিড কর্পোরেশন কর্তৃপক্ষ দায়ী থাকবে না বলে জানানো হয়েছে ।

উত্তর-পূর্ব সীমান্ত রেল সূত্রে জানানো হয়েছে যে সীমান্ত রেলের রঙ্গিয়া ডিভিশনের বরপেটা রোড ও পাঠশালা সেকশনে ডাবল লাইন চালু করার জন্য বরপেটা রোড ,সরুপেটা ও পাঠশালা স্টেশনে প্রি-নন ইন্টারলকিং ও নন ইন্টারলকিং কাজের জন্য বেশ কিছু ট্রেনের পরিষেবা বাতিল , পথ পরিবর্তন করা হয়েছে । সীমান্ত রেল সূত্রে জানানো হয়েছে যে আগামী ১৯শে মে থেকে চৌঠা জুন পর্য্যন্ত গৌহাটী-ধুবড়ী , গৌহাটী -আলিপুরদূয়ার ,লামডিং-আলিপুরদূয়ার , গৌহাটী-নিউ জলপাইগুড়ি বন্দে ভারত এক্সপ্রেস ট্রেন পরিষেবা বাতিল করা হয়েছে । এছাড়া আগামী ২০ মে থেকে দোসরা জুন পর্য্যন্ত কামাখ্যা-দিল্লী , ডিব্রুগড়-হাওড়া ট্রেনের সময় পরিবর্তন এবং কামাখ্যা-আনন্দ বিহার এক্সপ্রেস ,হাওড়া-ডিব্রুগড় কামরূপ এক্সপ্রেস এবং শিলচর-সেকেন্দ্রাবাদ ট্রেনের পথ পরিবর্তন করা হয়েছে ।

---

করিমগঞ্জ পুলিশ গোপন সূত্রের খবরের ভিত্তিতে আজ সকালে অভিযান চালিয়ে চূড়াইবাড়ি থেকে এক হাজার ছয়শ বোতল নেশাজাতীয় কফ শিরাফ বাজেয়াপ্ত করেছে । চূড়াইবাড়ী পুলিশ থানার ভারপ্রাপ্ত আধিকারিক প্রণব মিলি জানিয়েছেন যে পুলিশ ঘটনার সঙ্গে যুক্ত থাকার অভিযোগে জয়ন্ত দেব নামের এক ব্যাক্তিকে আটক করেছে । শ্রী মিলি আরো জানান যে বাজেয়াপ্ত করা নেশা জাতীয় কফ সিরাফের বাজার মূল্য প্রায় ১৫ লক্ষ টাকা হবে ।

---

করিমগঞ্জ এরালিগুলের পন্ডিত দীনদয়াল উপাধ্যায় আর্দশ মহাবিদ্যালয়ের পদার্থ বিদ্যা বিভাগ ও আই কিউ এ সি সেল ও রয়্যাল গ্লোবাল ইউনিভার্সিটি যৌথ উদ্যোগে গতকাল ভার্চুয়াল ব্যবস্থার মাধ্যমে আর্ন্তজাতিক আলো দিবস পালন করা হয়েছে । অনুষ্ঠানে কলেজ অধ্যক্ষা ডক্টর জয়শ্রী চক্রবর্তী স্বাগত বক্তব্য রাখেন । এছাড়া মার্কিন যুক্তরাষ্ট্রের কর্নেল ইউনিভার্সিটির পোষ্ট ডক্টরেল রির্সাচ এসোসিয়েট ডক্টর ইফতাক হোসেন স্মার্টফোন ভিত্তিক অপটিক্যাল কোহেরেন্স টমোগ্রাফী , ইন্টারফোরমেট্রিক এবং কালোরিমেট্রিক ডিভাইস এবং ভবিষ্যতে এদের ব্যবহার নিয়ে আলোচনা করেছেন ।

---

**সমাপ্ত**